22 AUG 2016
পৃষ্ঠা ২

দৈনিক
ইত্তেফাক



নরসিংদী: আনন্দে উল্লসিত আব্দুল কাদির মোল্লা সিটি কলেজের শিক্ষার্থীরা —ইত্তেফাক

# নরসিংদীর কাদির মোল্লা কলেজের ২৯৮ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে

■ নরসিংদী প্রতিনিধি

সদ্য প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফলে, নরসিংদীর আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ এবারো সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। এ কলেজের ৪৯৪ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে এবং এদের মধ্যে ২৯৮ জন জিপিএ-৫ পেয়েছে। এ নিয়ে টানা ৯বার শতভাগ পাসের গৌরব ধরে রেখেছে কলেজটি।

কলেজের উপাধ্যক্ষ মাহমুদুল হাসান জানান, বিজ্ঞান বিভাগ থেকে ২০৪ জনের মধ্যে ২০২ জন, মানবিক বিভাগ থেকে ১০৩ জনের মধ্যে ৪৬ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ১৮৭ জনের মধ্যে ৫০ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ ড. মশিউর রহমান মৃধা ইত্তেফাককে জানান, কলেজের প্রতিষ্ঠাতা আবদুল কাদির মোল্লার প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং ছাত্র-শিক্ষক-অভিভাবকদের ঐকান্তিক প্রচেষ্টায় কলেজটি প্রতিষ্ঠালগ্ন থেকে এইচএসসি পরীক্ষায় অব্যাহতভাবে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করে আসছে। এবার ফলাফলে মোট ৬০ ভাগের চেয়েও বেশি জিপিএ-৫ পাওয়ার মাধ্যমে কলেজের অগ্রগতি এক অনন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

উল্লেখ্য, ২০০৬ সালে থার্মেক্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আব্দুল কাদির মোল্লা নরসিংদীতে তার নামে আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ প্রতিষ্ঠা করেন।